

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুল্হ
বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু: বদর যুদ্ধে ইবলিশ শয়তানের হঠকারিতা

বদর যুদ্ধ সংঘটিত হয়েছিল মদিনার মুসলমান ও মক্কার মুশরিক কুরাইশদের মধ্যে। এ যুদ্ধে আল্লাহ তায়ালা বিশেষ অনুগ্রহে মুসলমানরা মুশরিকদের উপর বিজয়ী হয়েছিলেন। মুশরিকরা সংখ্যায় অধিক হওয়া সত্ত্বেও স্বল্প সংখক মুসলিম বাহিনীর হাতে তাদের শোচনীয় পরাজয় বহন করতে হয়েছিল। বদর যুদ্ধে কুরাইশদের উৎসাহ ও শক্তি বর্ধনের উদ্দেশ্যে শয়তান বনী কিনানা গোত্রের নেতা সুরাকা ইবনে মালিকের রূপ ধরিয়া সদলবলে উপস্থিত হইয়াছিল আসমান হইতে অবতীর্ণ জিব্রাইল ও অন্যান্য ফিরিশতা দেখিয়া পলায়নোদ্যত হইলে আবু জাহেলের নিষেধাজ্ঞার উত্তরে শয়তান (ইহা) বলিয়াছিল, (পৃষ্ঠা: ২৭৪ আল কুরআনুল করীম, ইসলামিক ফাউন্ডেশন)

পবিত্র কোরআনের সূরা ৮ আন ফলের আয়াত নম্বর ৪৮, আল্লাহ ইরশাদ করেন:

وَإِذْ زَيْنَ لَهُمُ الشَّيْطَانُ أَعْمَالَهُمْ

এবং (স্মরণ কর) যখন, শয়তান তাদের কার্যাবলী তাদের দৃষ্টিতে শোভন করেছিল

وَقَالَ لَا غَالِبَ لَكُمْ الْيَوْمَ مِنَ النَّاسِ

এবং বলেছিল, আজ মানুষের মধ্যে কেউই তোমাদের উপর বিজয়ী হবে না

وَإِنِّي جَارٌ لَّكُمْ

আমি তোমাদের পাশেই থাকবো

فَلَمَّا تَرَ آءَاتِ الْفِتْنَانِ نَكَصَ عَلَىٰ عَقْبَيْهِ

অতঃপর দু'দল যখন পরস্পরের সম্মুখীন হলো, তখন সে পেছনে সরে পড়ল।

وَقَالَ إِنِّي بَرِيءٌ مِّنْكُمْ

এবং বললো, তোমাদের সাথে আমার কোন সম্পর্ক থাকল না।

إِنِّي أَرَىٰ مَا لَا تَرَوْنَ

তোমরা যা দেখতে পাও না, আমি তো তা দেখি

إِنِّي أَخَافُ اللَّهَ

নিশ্চয়ই আমি আল্লাহকে ভয় করি

وَاللَّهُ شَدِيدُ الْعِقَابِ

আর আল্লাহ শাস্তি দানে কঠোর

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, শয়তান আমাদের মনে ওয়াসওয়াসা দেয় এবং দুনিয়ার জীবনকে আমাদের কাছে চাকচিক্যময় করে তোলে। দুনিয়ার পেছনে দৌড়ে আমরা আখেরাতকে বরবাদ করে দিচ্ছি। এখনো সময় আছে আমরা আল্লাহর পথে নিজেদেরকে নিয়োজিত করি। অসৎকর্ম পরিহার করি। সৎকর্ম করি।

এবং আল্লাহর ইবাদত বন্দেগীতে জীবন অতিবাহিত করি।

আসুন আমরা বলি হে আমাদের রব প্রভু, আমাদেরকে সঠিক পথ প্রদর্শন করুন। তাদের পথ যাদেরকে আপনি অনুগ্রহ দান করেছেন। তাদের পথ নয় যারা গজবে পড়েছে এবং পথভ্রষ্ট।

আমীন

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ